

নথি নং-০৯.৩১২.০০২.১৪.০০.০০২.২০১৩/৬৯২


তারিখঃ ১৭/০১/২০১৭ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে কম্পিউটার অগ্রিম ঋণ খাতে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তাদের মধ্যে বন্টনের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে যারা কম্পিউটার অগ্রিম গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ৩১ জানুয়ারি, ২০১৭ তারিখের মধ্যে নিম্নে উল্লেখিত অগ্রিম গ্রহণের বিদ্যমান নীতিমালার আলোকে নির্ধারিত ফরমে এ বিভাগের প্রশাসন-২ শাখায় আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন প্রকার আবেদনপত্র গ্রহণ করা হবে না।

### নীতিমালাঃ কম্পিউটার অগ্রিমঃ

- ক) কম্পিউটার ক্রয়ের জন্য একজন প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অগ্রিম প্রদান করা যাবে।
  - খ) কম্পিউটার অগ্রিম সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) কিস্তিতে আদায়যোগ্য হবে। অগ্রিম উত্তোলনের পরবর্তী মাসের বেতন হতে কিস্তিতে আদায় শুরু হবে।
  - গ) ন্যূনপক্ষে প্রাথমিক পর্যায়ের কম্পিউটার প্রশিক্ষণ নেই এমন কোন কর্মকর্তার অনুকূলে কম্পিউটার অগ্রিম মঞ্জুর করা যাবে না।
  - ঘ) কম্পিউটার অগ্রিমের জন্য দাখিলযোগ্য আবেদনপত্রের সাথে অগ্রিম গ্রহণেচ্ছুক কর্মকর্তাকে এ মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে যে কম্পিউটার অগ্রিম গ্রহণের পর গৃহীত সকল অগ্রিম পরিশোধের মাসিক কিস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার মূল বেতনের এক তৃতীয়াংশের অধিক হবে না এবং অগ্রিম মঞ্জুরির পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয়কে এতদবিষয়ে নিশ্চিত হতে হবে।
- ২। কোন অস্থায়ী কর্মকর্তার চাকরিকাল ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হলে উপরোক্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে ২ (দুই) জন স্থায়ী কর্মকর্তা ও কর্মচারির নিকট হতে জামানতপত্র (সিকিউরিটি বন্ড) গ্রহণ পূর্বক তারাও আবেদন করতে পারবেন।
  - ৩। পূর্বে গৃহীত অগ্রিম ঋণ কিংবা উহার সাথে সুদের কোন অংশ অনাদায়ী থাকলে এবং এ সংক্রান্ত বিমোচনপত্র দাখিল না করা হলে আবেদনকৃত অগ্রিম ঋণ মঞ্জুর করা হবে না।
  - ৪। উপর্যুক্ত অগ্রিমের সুদের হার বার্ষিক শতকরা ১০/- টাকা। কিস্তি অনুযায়ী অগ্রিম পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক শতকরা ১১/- টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায় হবে।
  - ৫। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তাদেরকে আবেদনপত্র ও প্রয়োজনীয় ফরম প্রশাসন-২ শাখা হতে সংগ্রহপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দেওয়ার জন্য নির্দেক্রমে অনুরোধ করা যাচ্ছে।

  
(আফরিনা ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯১১৯৭১৯

### সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব-১/২, অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (উইং এর সকল কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
- ২। উপ-সচিব/উপ-প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, ফাবা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১/৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৭। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নোটিশ বোর্ড, ঢাকা।
- ৮। সংশ্লিষ্ট নথি।